কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদায় মহান শহীদ ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদা ও নানা কর্মসূচির মধ্য দিয়ে পালিত হয়েছে মহান শহীদ ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস। একুশের প্রথম প্রহরে উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে অবস্থিত উপজেলা কেন্দ্রীয় শহীদ মিনারে হাজারো মানুষের সুনশান নিরবতা ভেঙ্গে রাত ০০.১ মিনিটে ফুলের শ্রদ্ধাঞ্জলি নিবেদনের মধ্য দিয়ে দিবসটি পালন শুরু করা হয়।

প্রথম প্রহরে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে শহীদ বেদীতে ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন ও পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পারকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকিসহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান।

পরে একে একে বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান, প্রেসক্লাবসহ সর্বস্তরের মানুষ শহীদ বেদীতে পুষ্পমাল্য অর্পণ করেন। এসময় ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা আর একুশের চেতনা বাস্তবায়নের শপথ ও দোয়া করা হয়।

উপজেলা প্রশাসনের আয়োজনে মহান শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উদ্যাপন উপলক্ষে সকাল ৮টায় সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে থেকে প্রভাত ফেরী বের করা হয়।

প্রভাতফেরী র্যালীটি শহরের প্রধাণ প্রধাণ সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্তর শেষ হয়। এতে উপজেলা চেয়ারম্যান, নির্বাহী অফিসার, প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, বিভিন্ন রাজনৈতিক, সামাজিক সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান, ফায়ার সার্ভিস,

রোভার স্কাউট সহ নানা শ্রেণী-পেশার মানুষ অংশ নেন। পরে আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগীতা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং পুরস্কার বিতরণের আয়োজন করা হয়।

দেশের বাজারে এলো আইটেলের প্রথম টিভি

গত ১০ বছর বিশ্বব্যাপী মোবাইল ইন্ডাস্ট্রিতে মূল ভূমিকা পালন করে আসছে ট্রানশান হোল্ডিংসের অন্যতম সেরা ব্র্যান্ড আইটেল। ব্র্যান্ডটি বিশ্বাস করে প্রতিটি মানুষের জীবন-যাপন হবে সুস্থ এবং সুন্দর। তাই বাংলাদেশের বাজারে পণ্যসম্ভার আরও সম্প্রসারণের লক্ষ্যে আজ আইটেল ‘এ’ সিরিজ টিভি নিয়ে আসার ঘোষণা দিয়েছে প্রতিষ্ঠানটি।

দেশের বাজারে কোম্পানিটির প্রথমবারের মতো নিয়ে আসা এ সিরিজের টিভি ‘আইটেল এ৩২১’ এর উজ্জ্বল রঙ কক্ষ জুড়ে ছড়িয়ে দিবে আলো। টিভিতে দর্শকরা যে ধরনের স্ক্রিন দেখতে চায় সেভাবেই ডিজাইন করতে আইটেল এ৩২১ তে আধুনিক ক্যানভ্যাস ব্যবহার করা হয়েছে। এ টেলিভিশনে দর্শকদের জানানো, শেখানো এবং বিনোদন দেওয়াকে প্রাধান্য দেয়া হয়েছে।

বাজারে পণ্যসম্ভার সম্প্রসারণের পাশাপাশি, আইটেল তার মূললক্ষ্য পূরণে গ্রাহকদের নিত্য নতুন সুবিধা দিতে চায়। যা তাদের এগিয়ে চলার পথকে একটি সক্রিয় অনুসন্ধানে রূপান্তর করতে সহায়তা করবে। টেলিভিশনটিতে যুক্ত করা সব যন্ত্রাংশ আইটেলের সু-প্রতিষ্ঠিত সরবরাহ চেইন নেটওয়ার্ক থেকে আসবে যা ওভারভোল্টেজের সুরক্ষাসহ একটি কমপ্যাক্ট স্লিক ডিজাইন এবং দীর্ঘস্থায়িত্ব উভয়েরই গ্যারান্টি দিবে। এছাড়াও আইটেল এ৩২১ টিভিতে ৫টি বিল্ট-ইন গেমস, সুপার পিকচার কোয়ালিটি, ২০ডব্লিউ স্টেরিও স্পিকার এবং মাল্টি-ইনপুট পোর্ট সুবিধা পাওয়া যাবে।

কার্লকেয়ার সার্ভিস সেন্টারের অনুমোদনসহ আইটেলের সকল টেলিভিশনে ১০০ দিনের রিপ্লেসমেন্ট এবং ৪ বছরের প্যানেল ওয়ারেন্টি সুবিধা

পাওয়া যাবে। সকলের কাছে নতুন নতুন প্রযুক্তির অভিজ্ঞতা পৌঁছে দিতে এবং প্রযুক্তি ব্যবহারে জীবনকে আরও উপভোগ্য করে তুলতে প্রযুক্তির প্রাপ্যতা বাড়ানোর লক্ষ্যে আইটেলের প্রচেষ্টা অব্যাহত থাকবে।

সব জেনেশুনেই তামিমাকে বিয়ে করেছেন নাসির!

বাংলাদেশের জাতীয় দলের ক্রিকেটার নাসির হোসেনকে নিয়ে আলোচনা- সমালোচনা যেন থামছেই না। বিশ্ব ভালোবাসা দিবসে কেবিন ক্রু তামিমা তাম্মিকে বিয়ে করেছেন এই ক্রিকেটার। গত ১৭ ফেব্রুয়ারি হলুদ ও ১৯ ফেব্রুয়ারি হয়েছে বিবাহোত্তর সংবর্ধনাও। এরইমধ্যে অভিযোগ ৮ বছরের কন্যাকে রেখে আগের স্বামীকে তালাক না দিয়েই নাসিরের সঙ্গে বিয়ে করেছেন স্ত্রী তামিমা তাম্মি।

শনিবার (২০ ফেব্রুয়ারি) দুপুরে রাইসা ইসলাম বাবুনি নামক এক ফেসবুক ব্যবহারকারীর একটি পোস্ট ভাইরাল হয়। যেখানে তামিমার স্বামী রাকিবের পক্ষে দাবি করা হয়েছে, এখনও তাদের মধ্যে বৈবাহিক সম্পর্ক রয়েছে। তাদের ঘরে রয়েছে ৮ বছর বয়সী একটি মেয়ে সন্তানও। তালাক না দিয়ে নতুন বিয়ে করায় তামিমার বিরুদ্ধে থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছেন রাকিব।

ফেসবুকে ভাইরাল হওয়া ওই পোস্টে রাকিবের সঙ্গে নাসিরের একটি অডিও কলও রয়েছে। যেখানে ক্রিকেটার নাসির হোসেনের একটি ফোন রেকর্ড মিলেছে যেখানে রাকিবকে ফোন করে জিডি করার ব্যাপারটি ধামাচাপা দিতে বলেন নাসির।

রাকিবের প্রশ্ন ছিল আপনি কি তামিমা সম্পর্ক সব কিছু জানেন?” উত্তরে নাসির হোসেন বলেন তার সব কিছু জেনেশুনেই আমি তাকে বিয়ে করেছি। তার বাচ্চা আছে, তার আগেও বয়ফ্রেন্ড ছিল সবকিছুই আমি জানি। আপনার বৌ আপনার সাথে ভালো থাকলে নিশ্চই আপনার ১১ বছরের সংসার ভেঙ্গে আমার কাছে চলে আসতো না।”
২০১১ সালে রাকিবের সঙ্গে তামিমার বিয়ে হয়।

বিষয়টি নিয়ে নাসিরের বড় ভাই নাসিম হোসেনের কাছে জানতে চাওয়া হয়। তিনি বলেন, আপাতত মন্তব্য করতে চাচ্ছেন না। তার ছোট ভাই খুব শিগগিরই গণমাধ্যমের সঙ্গে কথা বলবেন বলে জানান নাসিম।

‘অন্যের স্ত্রী’ বিয়ে, নাসিরকে সাবেক প্রেমিকার অভিনন্দন

বিশ্ব ভালোবাসা দিবসে (১৪ ফেব্রুয়ারি) তামিমা তাম্মিকে বিয়ে করেন ক্রিকেটার নাসির হোসেন। আর ১৯ ফেব্রুয়ারি করেন বিবাহোত্তর সংবর্ধনা। তবে অভিযোগ উঠেছে, আগের স্বামীকে তালাক না দিয়েই নাসিরকে বিয়ে করেছেন তামিমা তাম্মি।

তামিমার স্বামী দাবি করা রাকিব এ বিষয়ে থানায় জিডি করেছেন।

এদিকে নাসিরের সাবেক প্রেমিকা অভিনেত্রী হুমায়রা সুবাহও কথা বলেছেন। অন্যের বউ বিয়ে করায় তিনি নাসিরকে অভিনন্দনও জানিয়েছেন। গণমাধ্যমের একটি সংবাদ নিজ ব্যক্তিগত ফেসবুক আইডিতে শেয়ার করেন হুমায়রা। ফিলিং মুড দিয়েছেন ‘স্যাড’। আর লিখেছেন, ‘কিছুই বলার নেই’ বাই দ্যা ওয়ে ‘অভিনন্দন’।

অপরদিকে রাধানীর উত্তরা পশ্চিম থানায় নাসিরের বিরুদ্ধে জিডিও করেছেন রাকিব। বিষয়টি নিশ্চিত করেছেন উত্তরা পশ্চিম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাও (ওসি) শাহ মো. আক্তারুজ্জামান ইলিয়াস।

রাকিব পুলিশকে জানান, ২০১১ সালের ২৬ ফেব্রুয়ারি তিন লাখ টাকা দেনমোহরে তাদের বিয়ে হয়। গেল ১১ বছরে স্ত্রীর পড়াশোনা থেকে শুরু করে জব সবক্ষেত্রেই তিনি সাহায্য করেছেন।

তিনি বলেন, আমার আট বছরের একটি মেয়ে আছে। এখনও আমাদের ডিভোর্স হয়নি। কোনো নোটিশ ছাড়া কীভাবে আমার স্ত্রী ৮ বছরের বাচ্চাকে ফেলে অন্য একজনকে বিয়ে করল, সেটাই আমি বুঝতে পারছি না।’

নতুন আতঙ্ক! বিশ্বে প্রথম মানব শরীরে বার্ড ফ্লু’র সংক্রমণ

করোনার মধ্যেই এবার সামনে এলো নতুন আতঙ্ক। বিশ্বে প্রথম মানুষের মধ্যে বার্ড ফ্লু ভাইরাসের সংক্রমণ শনাক্ত হয়েছে। শনিবার রুশ কর্তৃপক্ষ এ তথ্য জানিয়েছে।

এ ব্যাপারে রাশিয়ার স্বাস্থ্য পর্যবেক্ষক সংস্থা রোজপোত্রেবনাদজরের প্রধান আন্না পোপোভা জানিয়েছেন, ভেক্টর ল্যাবরেটরির বিজ্ঞানীরা রাশিয়ার দক্ষিণাঞ্চলের একটি পোলট্রি খামারের সাত শ্রমিকের কাছ থেকে H5N8 স্ট্রেনের জিনগত উপাদানগুলো পৃথক করেছিলেন। ওই খামারে গত ডিসেম্বরে বার্ড ফ্লুর প্রাদুর্ভাব হয়েছিল।

তিনি জানান, শ্রমিকদের কোনো গুরুতর স্বাস্থ্যগত সমস্যা হয়নি। পোপোভা বলেন, ‘বিশ্বে প্রথমবারের মতো মানুষের মধ্যে অ্যাভিয়ান ফ্লুর সংক্রমণের ঘটনাটি বিশ্ব স্বাস্থ্য সংস্থাকে জানানো হয়েছে।’

অ্যাভিয়ান ফ্লু ভাইরাসের বেশ কয়েকটি রূপ আছে। এর মধ্যে H5N8 রূপটি পাখির জন্য প্রাণঘাতি। এই ভাইরাস এর আগে কখনোই মানবদেহে সংক্রমিত হয়নি।

ইসরায়েল যখন পরমাণু বোমা বানাচ্ছে তখন কীসের উদ্বেগ:

ইরান

ইরানের পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মাদ জাওয়াদ জারিফ তার দেশের পরমাণু কর্মসূচি নিয়ে আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা ও পশ্চিমা দেশগুলোর দ্বৈত নীতির তীব্র সমালোচনা করেছেন।

তিনি বলেছেন, ‘পশ্চিমারা যখন ইসরায়েলের পরমাণু অস্ত্র কর্মসূচির ব্যাপারে অন্ধ থাকার নীতি অনুসরণ করছে, তখন ইরানের বেসামরিক পরমাণু কর্মসূচির ব্যাপারে তাদের কীসের উদ্বেগ। এ ব্যাপারে তাদের উদ্বেগ মানায় না।’

জারিফ শনিবার নিজের অফিসিয়াল টুইটার পেজে লিখেন, ‘ইহুদিবাদী ইসরায়েল মধ্যপ্রাচ্যের একমাত্র পরমাণু অস্ত্র নির্মাণ কারখানা ‘দিমুনা’র সম্প্রসারণ করছে। অথচ এ ব্যাপারে কেউ টু শব্দটি পর্যন্ত করছে না।’

টুইটার বার্তায় তিনি আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন, আইএইএ, ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন, ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাকরন এবং জার্মান চ্যান্সেলর অ্যাঙ্গেলা মার্কেলের নাম উল্লেখ করে, তাদের উদ্দেশ করে বক্তব্য দেন।

ইরানের পররাষ্ট্রমন্ত্রী বলেন, ‘আপনারা অত্যন্ত উদ্বিগ্ন? উদ্বিগ্ন? এমনকি একটুখানি? আপনাদের কি মন্তব্য করার অধিকার আছে? আমিতো এমনটিই ভাবতাম।’

সূত্র: পার্সটুডে

আশা করি, সর্বস্তরে বাংলা প্রচলন হবে: সিইসি

সরকারি সব দফতর-সংস্থার সর্বস্তরে বাংলা প্রচলনের আশাবাদ ব্যক্ত করেছেন প্রধান নির্বাচন কমিশনার কে এম নূরুল হুদা। আজ রবিবার কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধার্ঘ্য নিবেদন শেষে সাংবাদিকদের এ

কথা বলেন তিনি।

প্রধান নির্বাচন কমিশনা বলেন, ‘নির্বাচন কমিশন (ইসি) ইতোমধ্যেই তাদের তিনটি নীতিমালা ইংরেজি থেকে বাংলায় করার জন্য আইন মন্ত্রণালয়ের কাছে পাঠিয়েছে। আশা করছি, দ্রুততম সময়ের মধ্যেই এই নীতিমালাগুলো ইংরেজি থেকে বাংলায় রূপান্তরিত হবে।’

‘শুধু নির্বাচন কমিশন নয়, সরকারি সব প্রতিষ্ঠান, সংস্থা তাদের নীতিমালা বাংলায় নিয়ে আসবে বলে আমি আশা করি। ইতোমধ্যেই কাজ শুরু হয়েছে। পরিবর্তন হচ্ছে। আশা করি, সর্বস্তরে বাংলা প্রচলন হবে।’

একুশের প্রথম প্রহরে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন

অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রথম প্রহরে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির পক্ষ থেকে মহান ভাষা আন্দোলনের বীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন।

রাত ১২টা ১টি মিনিটে প্রথমে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের পক্ষ থেকে তাঁর সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহ উদ্দিন ইসলাম এবং এর পরপরই প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে তাঁর সামরিক সচিব মেজর জেনারেল নকিব আহমদ চৌধুরী শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন।

রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ শেষে দুই সামরিক সচিব সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থেকে ভাষা শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর পর স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর পক্ষ থেকে এক উচ্চ পর্যায়ের কর্মকর্তা শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন। এরপর আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার পক্ষ থেকে সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের দলের সিনিয়র নেতাদের সঙ্গে

নিয়ে দলের পক্ষ থেকে শহীদ মিনারে পুনরায় পুষ্পস্তবক অর্পণ করেন।

এরপর জাতীয় সংসদের বিরোধী দল জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদের দলীয় নেতাদের নিয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শোলমারী বালিকা বিদ্যালয়ে আলোচনা ও দোয়া মাহফিল

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে মেহেরপুর সদর উপজেলার শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে বিদ্যালয়ের সম্মেলন কক্ষে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব রহমান এর সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য দেন সহকারী শিক্ষক আব্দুল আলিম, আব্দুল জাব্বার, ফারুক হোসেন। এসময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক মমতাজ পারভিন, মর্তুজা ফারুক, অফিস সহকারী রিপন আলীসহ বিদ্যালয়ের কর্মচারীবৃন্দ।

পরে ভাষা শহীদদের আত্মার মাগফেরাত কামনা দোয়া পরিচালনা করেন বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক শরিফউদ্দিন।

মেহেরপুরে আলুর দাম না পেয়ে

লোকসান গুনতে হচ্ছে বিঘা প্রতি ৫-১০ হাজার টাকা

মেহেরপুরে আলুর দাম না পাওয়ায় চরম ক্ষতির সম্মুখীন হচ্ছে কয়েক’শ আলু চাষী। বিঘা প্রতি ৫-১০ হাজার টাকা লোকসান গুনতে হচ্ছে চাষীদের। কৃষি বিভাগের হিসেবে প্রতিবছর আলু চাষ করেন প্রায় ৮০ লাখ কৃষক। এ বছর বড় ধরণের ক্ষতির সম্মুখীন হতে হচ্ছে আলু চাষীদের। যারা আলু আবাদ করছে, সবার এখন লোকসানের সম্মুখীন হচ্ছে। জমি থেকে বাজার পর্যন্ত বিঘা প্রতি ৫ থেকে ১০ হাজার টাকা ক্ষতি হচ্ছে চাষীদের । আলুর দামে এ বেহাল অবস্থার কারণে হতাশ কৃষকেরা। তবে সরকার যেহেতু আলু মজুদ করে না, সেহেতু আলুর দাম নিয়ন্ত্রণে সরকারের সরাসরি ভূমিকাও নেই।

এসব কারণে প্রায় সব আলু চাষীরা এবার ক্ষতিগ্রস্থ হচ্ছেন। আলুর দাম মারাত্মকভাবে কমে যাওয়ায় কৃষকেরা ব্যাপক ক্ষতির সম্মুখীন হচ্ছেন। পাইকারি বাজারে কৃষকেরা প্রতি কেজি আলু বিক্রি করছেন মাত্র ৮ থেকে ১২ টাকা দরে। যেখানে তাদের বীজ কিনতেই খরচ হয়েছে ৫০ থেকে ৫৫ টাকা। ব্যবসায়ীরা বলছেন, করোনাকালিন সময়ে আলুর দাম বেশী হওয়ায় লাভের আশায় বেশী দামে বীজ কিনেছি। অতিরিক্ত সরবরাহ ও চাষের কারণেই আলুর বাজারদর এতটা কমে গেছে। যার ফলে তারাও ক্ষতিগ্রস্থ হচ্ছেন। এদিকে আলুর লক্ষ্যমাত্রা ঠিক করার পাশাপাশি কোল্ড স্টোরেজ বা হিমাগারের সংখ্যা বৃদ্ধির উদ্যোগও নেয়া প্রয়োজন বলে মনে করছেন কৃষিবিদরা।

মেহেরপুর আশরাফপুর গ্রামের আলুচাষী আহসান আলী এ মৌসুমে প্রতি বিঘায় ৩৫ থেকে ৪০ হাজার টাকারও বেশী খরচ করে সাড়ে ৭ বিঘা আলু চাষ করেছি। কিন্তু বিক্রি করতে গিয়ে পরিবহণ খরচ বাদ দিয়ে মণ প্রতি দাম পাচ্ছি মাত্র ৪০০ থেকে ৫০০ টাকা। অর্থাৎ, কেজি প্রতি পাইকারি ১০-১২ টাকার চেয়ে সামান্য কম-বেশী। তিনি আরও বলেন, সরকার যদি আলুর দাম একটু বেশী করে বাজারজাত করে দিত তাহলে আমরা চাষীরা ক্ষতি থেকে বেচে যেতাম।

সদর উপজেলার গোপালপুর গ্রামের আলুচাষী হাফিজুর রহমান ও আশাদুল ইসলাম বলেন, গতবছর আলুর চাষ করেছিলাম। গড়ে প্রায় ১ হাজার টাকা মণে আলু কিনেছিলেন তিনি এবং লাভও হয়েছিল। কিন্তু এবছর বেশী দামে বীজ সরবরাহ হওয়ায় আলুর চাষে তারা লোকসানে পড়ছেন। এখন সরবরাহ হয়ে

গেছে বেশী আর দাম হয়ে গেছে কম। আলুচাষী শামীম হোসেন বলেন, করোনার সময় আলুর দাম বেশী থাকায় সেই প্রভার বীজের উপর পড়ে। সেই সাথে লেবার খরচ বেশী পড়ে যায়। এতে অনেক টাকা বিঘা প্রতি খরচ হয়েছে আলু চাষে। আমরা যদি ভালো দাম পেতাম তবে হয়তো ক্ষতি কিছুটা পুষিয়ে উঠতে পারব।

পাইকারি আলু ব্যবসায়ী রিপন আলী জানান, কৃষকদের মতো পাইকারি ব্যবসায়ীরাও কম দামে আলু কিনে তারাও লোকসানে পড়ছেন। প্রতি কেজি ২০ টাকা করে কিনলে ১৫ টাকায় বিক্রয় করতে হচ্ছে আবার ১৫ টাকাই কিনলে ১০-১২ টাকাই ঢাকার পাইকারী ব্যবসায়ীদের কাছে বিক্রি করছেন। এতে পরিবহণ খরচসহ তাদের মোট যে খরচ হচ্ছে, তাতে বিপুল পরিমাণ লোকসান গুনতে হচ্ছে তাদেরও।

মেহেরপুর কৃষি অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ স্বপন কুমার খাঁ জানান, মেহেরপুরের মাটি অনেক উর্বর। চলতি বছরে আলুর আবাদ অনেক বেশী হয়েছে। জেলায় ১২৭৫ একর জমিতে আলু আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। গত বছরের ১২৪০ একর আলুচাষ হয়েছিল। এবার বেশি আলু চাষ করা হয়েছে। তবে বাস্তবে লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। বাজারে দাম ভালো থাকায় আলু চাষে কোমর বেঁধে মাঠে নেমেছেন। স্থানীয় প্রশাসন দিয়ে বাজার মনিটিরিং করা হচ্ছে।